বেরিয়ে এল সাহেদের ‘দ্বিতীয় অফিস’, উত্তরার এক বাড়িতে অভিযানে র্যাব

রিজেন্ট হাসপাতাল প্রতারণা মামলার প্রধান আসামি ও রিজেন্ট গ্রুপের চেয়ারম্যান সাহেদকে নিয়ে উত্তরার অভিযান চালাচ্ছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। বুধবার সকালে উত্তরা ১১ নম্বর সেক্টরের ২০ নম্বর সড়কের ৬২ নম্বর বাড়ির একটি ফ্ল্যাটে এই অভিযান শুরু হয়।

কী কারণে সেখানে অভিযান জানতে চাইলে র্যাবের আইন ও গণমাধ্যম শাখার পরিচালক লেফটেন্যান্ট কর্নেল আশিক বিল্লাহ সাংবাদিকদের বলেন, এটা সাহেদের দ্বিতীয় অফিস। এই ফ্ল্যাটের খবর আগে পায়নি র্যাব। সাহেদকে গ্রেপ্তারের পর তার কাছে এই ফ্ল্যাটের হদিস মেলে বলে র্যাব কর্মকর্তারা জানিয়েছেন।

এর আগে এক সপ্তাহ ধরে পলাতক সাহেদকে বুধবার ভোর সাড়ে ৫টার দিকে সাতক্ষীরার দেবহাটা সীমান্তবর্তী কোমরপুর গ্রামের লবঙ্গবতী নদীর তীর থেকে একটি গুলিভর্তি পিস্তলসহ গ্রেপ্তার করা হয়। আজ বুধবার সকাল ৯টায় সাহেদকে নিয়ে র্যাবের হেলিকপ্টারটি রাজধানীর তেজগাঁওয়ের পুরাতন বিমানবন্দরে অবতরণ করে।

সূত্র- বিডি-প্রতিদিন

মেহেরপুরে নতুন করে ৪ জনের করোনা পজিটিভ

মেহেরপুরে নতুন করে আরো ৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। এর মধ্যে ১টি গাংনী , ২ টি সদর, ১ টি মুজিবনগর।

এ নিয়ে জেলায় ১০৮ (সদর- ৫৬, গাংনী -৪২, মুজিবনগর -১০) জন

করোনায় আক্রান্ত হলেন। এর মধ্যে ৬৩ জন সুস্থ হয়েছেন, ৬ জন মারা গেছেন। ১০ জনকে রেফার্ড করা হয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ সোমবার কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে ১৯ টি (কুষ্টিয়া মেডিকেল কলেজ) রিপোর্ট এসেছে। এর মধ্যে ৪টি পজিটিভ, বাকিগুলো নেগেটিভ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ২০৮৭টি।

মেপ্র/আরজেএম

মুজিবনগর উপজেলা সমবায় অফিসার করোনা আক্রান্ত

মেহেরপুরের মুজিবনগর উপজেলা সমবায় অফিসার অশোক কুমার বিশ্বাস করোনা আক্রান্ত হয়েছেন।

আজ বৃহস্পতিবার তাঁর করোনা সনাক্ত হয়েছে বলে নিশ্চিত করেছেন জেলা সমবায় অফিসার সৈয়দ জসিম উদ্দিন। বর্তমানে তিনি খুলনার করোনা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। করোনা পরিস্থিতিতে তিনি উপজেলার বিভিন্ন ত্রাণ সামগ্রী বিতরণসহ সরকারি বিভিন্ন কাজে দায়িত্ব পালন করেছেন।

গাংনীতে উপসর্গে মৃত জুবাইদা করোনা আক্রান্ত ছিলেন

মেহেরপুরের গাংনীতে করোনা উপসর্গ নিয়ে মারা যাওয়া জুবাইদা খাতুন
(৭২) করোনা পজেটিভ ছিলেন।

বুধবার রাত দশটায় এ তথ্য নিশ্চিত করেছেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার মো: রিয়াজুল আলম। তিনি জানান, পশু হাসপাতাল পাড়ার আব্দুল গনির স্ত্রী জুবাইদা খাতুন গত মঙ্গলবার সকালে তার নিজ বাড়িতে করোনা উপসর্গ নিয়ে মারা যায়। পরে তার নমুনা সংগ্রহ করে পরীক্ষার জন্য কুষ্টিয়া পিসিআর ল্যাবে পাঠানো হলে সেখান থেকে জুবাইদা খাতুন আক্রান্ত মারা গেছে বলে নিশ্চিত করা হয়।
এছাড়া করোনা আক্রান্তে মৃত জোবাইদার ছেলে আক্তারুজ্জামান চঞ্চল,বড় ছেলে বাচ্চুর স্ত্রী স্বাস্থ্য কর্মী ফারহানা ও মেয়ে নুসরাত জাহান সম্প্রতি করোনা আক্রান্ত হয়েছে। এ নিয়ে গাংনী উপজেলায় মোট আক্রান্তের সংখ্যা ৩৮। মৃত ৩। সুস্থ ১৫ জন।

মেহেরপুরে ওষুধ কোম্পানির প্রতিনিধি করোনা আক্রান্ত

মেহেরপুরের গাংনীতে জাহিদুল ইসলাম (২৮) নামের এক ওষুধ কোম্পানির প্রতিনিধি করোনা আক্রান্ত হয়েছেন।

মঙ্গলবার রাত আটটায় এ তথ্য নিশ্চিত করেছেন গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার রিয়াজুল আলম। করোনা আক্রান্ত জাহিদুল ইসলাম কাজিপুরের বাসিন্দা।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার মোঃ: রিয়াজুল আলম জানান, আক্রান্তের বাড়ি প্রশাসনের পক্ষ থেকে লকডাউন করা হবে। এছাড়া স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে আক্রান্ত ব্যক্তির সার্বক্ষণিক খোঁজ-খবর রাখা হচ্ছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডাক্তার মোহাম্মদ নাসির উদ্দিন জানান, কুষ্টিয়া পিসিআর থেকে ১৪ জনের নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে এর মধ্যে একজন করোনা পজেটিভ। তিনি সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলার আহ্বান জানিয়েছেন।

এ নিয়ে জেলায় মোট ৯৫ জন আক্রান্ত হলেন। এর মধ্যে সুস্থ্য ৩৪ জন,

মৃত ৫ জন, রেফার্ড ৯ জন, চিকিৎসাধিন ৪৫ জন।

করোনাভাইরাস: স্কোয়াডে থাকলেও ইংল্যান্ড যেতে পারলেন না হারিস রউফ

বিগ ব্যাশে বল হাতে ঝড় তুলে জাতীয় দলের জন্য ডাক পেয়েছিলেন পাকিস্তানি পেসার হারিস রউফ। ঘরের মাঠে বাংলাদেশের বিপক্ষে টি-টোয়েন্টি ম্যাচ দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেকও হয়ে গেছে। ইংল্যান্ড সফরকে সামনে রেখে প্রথমবারের মতো বিদেশ সফরে যাওয়ার সম্ভাবনা ছিল এই ফাস্ট বোলারের। তবে স্কোয়াডে ডাক পেয়েও দলের সঙ্গে ইংল্যান্ডে যোগ দেওয়া হবে না এই গতিময় ফাস্ট বোলারের।

এর নেপথ্যে আছে প্রাণঘাতী মহামারি করোনাভাইরাস। ইংল্যান্ডের মাটিতে তিন ম্যাচের টেস্ট এবং টি-টোয়েন্টি সিরিজ খেলার জন্য ২৯ সদস্যের পাকিস্তানি স্কোয়াড ঘোষণা করেছিল পিসিবি।

ক্রিকেটারদের সুরক্ষার কথা বিবেচনা করে ইংল্যান্ডে যাওয়ার আগে সবার করোনা টেস্ট করানো হয়। আর সেখানে হারিস রউফ ছাড়া সবাই উৎরে গেছেন। আর তাই স্কোয়াডে ডাক পেয়েও করোনা পজিটিভ হওয়ার কারণে ইংল্যান্ডে যাওয়া হবে না হারিসের।

সূত্র- বিডি প্রতিদিন

চুয়াডাঙ্গায় নতুন আটজনের

করোনা শনাক্ত

গত ২৪ চুয়াডাঙ্গায় নতুন করে আটজনের করোনা শনাক্ত হয়েছে। বৃহস্পতিবার রাতে জেলা স্বাস্থ্য বিভাগ থেকে এ তথ্য জানা গেছে। এ নিয়ে জেলায় মোট আক্রান্তের সংখ্যা হলো ২৩৭।
চুয়াডাঙ্গার সিভিল সার্জন ডা. এএসএম মারুফ হাসান জানান, আক্রান্তদের মধ্যে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা দক্ষিণ চাঁদপুরের দু্ইজন ও বাসষ্ট্যান্ড পাড়ার একজন এবং দামুড়হুদা দশমী পাড়ার দুইজন জন রয়েছে।
এছাড়া, চুয়াডাঙ্গা পৌর এলাকার পাসপোর্ট অফিসের একজন, বিদ্যুৎ অফিসের একজন ও পুলিশ লাইনের একজন ।এদের মধ্যে ছয়জন পুরুষ ও দুইজন মহিলা রয়েছে।

করোনায় আরও ৪৩ জনের প্রাণহানি, নতুন শনাক্ত ৩৮০৯

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে দেশে গত ২৪ ঘণ্টায় আরও ৪৩ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে দেশে মোট ১ হাজার ৭৩৮ জন কোভিড রোগী মারা গেলেন।

এই সময়ে ৩ হাজার ৮০৯ জন শনাক্ত হয়েছেন। এ নিয়ে দেশে মোট শনাক্ত হলেন ১ লাখ ৩৭ হাজার ৭৮৭ জন।

গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৪০৯ জন এবং মোট সুস্থ ৫৫ হাজার ৭২৭ জন।

শনিবার স্বাস্থ্য অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক নাসিমা সুলতানা নিয়মিত ব্রিফিংয়ে জানান, গত ঘণ্টায় ১৭ হাজার ৩৪টি নমুনা সংগ্রহ করা হয়েছে। এর মধ্যে পূর্বের নমুনাসহ ১৮ হাজার ৯৯টি নমুনা পরীক্ষা করে ৩ হাজার ৮০৯ জনের দেহে করোনা শনাক্ত হয়েছে। মোট আক্রান্ত ১ লাখ ৩৭ হাজার ৭৮৭ জন। শনাক্তের হার ২১ দশমিক ০৫ শতাংশ।

তিনি জানান, গত ২৪ ঘণ্টায় ৪৩ জন মারা গেছেন। এর মধ্যে পুরুষ ৩১

জন ও নারী ১৪ জন। এ নিয়ে মোট মারা গেলেন ১ হাজার ৭৩৮ জন।

নাসিমা সুলতানা জানান, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন ১ হাজার ৪০৯ জন। এ পর্যন্ত সুস্থ ৫৫ হাজার ৭২৭ জন।

শনাক্ত বিবেচনায় সুস্থতার হার ৪০ দশমিক ৪৪ শতাংশ ও মৃত্যুর হার ১ দশমিক ২৬ শতাংশ।

তিনি আরও জানান, বয়স বিভাজনে ২১-৩০ বছরের মধ্যে ২ জন, ৩১-৪০ বছরের মধ্যে একজন, ৪১-৫০ বছরের মধ্যে ৭ জন, ৫১-৬০ বছরের মধ্যে ১৩ জন, ৬১-৭০ বছরের মধ্যে ১২ জন, ৭১-৮০ বছরের মধ্যে ৭ মারা এবং ৮১-৯০ বছরের মধ্যে একজন মারা গেছেন।

নাসিমা জানান, বিভাগভিত্তিক বিশ্লেষণে দেখা গেছে, ঢাকা বিভাগে ২১ জন, চট্টগ্রামে ১০ জন, রাজশাহীতে ২ জন, সিলেটে ৩ জন, খুলনায় ৩ জন, রংপুরে একজন, বরিশালে ৩ জন এবং ময়মনসিংহে একজন মারা গেছেন। এর মধ্যে হাসপাতালে ৩০ জন ও বাড়িতে ১২ জন মারা গেছেন। মৃত অবস্থায় হাসপাতালে এসেছেন একজন।

প্রসঙ্গত গত বছরের ৩১ ডিসেম্বর চীনের হুবেই প্রদেশের উহান শহর থেকে প্রথম করোনাভাইরাস শনাক্ত হয়। দেশে প্রথম কোভিড-১৯ রোগীশনাক্ত হন ৮ মার্চ এবং এ রোগে আক্রান্ত প্রথম রোগীর মৃত্যু হয় ১৮ মার্চ।

২৫ মার্চ প্রথমবারের মতো রোগতত্ত্ব, রোগনিয়ন্ত্রণ ও গবেষণা ইনস্টিটিউট (আইইডিসিআর) জানায়, বাংলাদেশে সীমিত পরিসরে কমিউনিটি ট্রান্সমিশন বা সামাজিকভাবে করোনাভাইরাসের সংক্রমণ হচ্ছে।

গাংনীতে দুটি বাড়ি লকডাউন

মেহেরপুরের গাংনী উপজেলায় পৌরশহরে শহরে একটি বাড়ি ও উপজেলার কোদালকাটি গ্রামের একজন মহিলার করোনা পজিটিভ হওয়াই দুটি পরিবারকে লকডাউন ঘোষণা করেছে উপজেলা প্রশাসন ও স্বাস্থ্য বিভাগ।

শুক্রবার বেলা ১১ টার সময় গাংনী উপজেলা নির্বাহি অফিসার আর এম

সেলিম শাহনেওয়াজ, গাংনী থানা পুলিশের একটি টিম ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের একজন চিকিৎসক বাড়িতে ঢুকে লকডাউন ঘোষণা করে।

বাড়ির দেয়ালে লকডাউন সম্বলিত সাইনবোর্ড লাগিয়ে দেয়া হয় এবং বাড়ির বাহিরে বের না হতে পরামর্শ দেয়া হয়। লকডাউন কৃত পরিবারদের প্রশাসনিক ও চিকিৎসা সেবার জন্য সার্বিক সহযোগিতা করার আশ্বাস দেন উপজেলা স্বাস্থ্য বিভাগ।

সূত্র জানায় কোদালকাটি গ্রামের করে আক্রান্ত মহিলা একজন স্কুল শিক্ষিকা। এছাড়া গান নিয়ে শহরের লকডাউন কৃত ব্যক্তি ব্যবসায়ী। তিনি ঢাকা থেকে কয়েক দিন আগে বাড়ি ফিরেছেন।

তিনি জানিয়েছেন তার শরীরে কোন ধরনের লক্ষণ নেই অসস্তিও নেই। শারীরিক কোনো সমস্যা নেই। তবে তিনি সকলের দোয়া চেয়েছেন সুস্থতার জন্য।

গাংনী উপজেলা নির্বাহি অফিসার সেলিম শাহনেওয়াজ জানান, লকডাউন কৃত পরিবারদের সার্বিক সহযোগিতা ও নিয়মিত চিকিৎসা প্রদান করা হবে। সেই সাথে তিনি গান্ধী বাসীকে সামাজিক গুরুত্ব ও সচেতনতার সাথে চলাফেরার অনুরোধ জানান।

মেপ্র/এমএফআর

আলমডাঙ্গায় করোনা উপসর্গ নিয়ে যুবকের মৃত্যু

করোনা উপসর্গ নিয়ে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি হওয়ার কয়েক ঘন্টা পরেই মারা গেলেন শরিফুল ইসলাম (২২)।

গতকাল বৃহস্পতিবার (২৫ জুন) দুপুরে তাকে হাসপাতালে ভর্তি করানো হয়। বিকেলেই তিনি মৃত্যুর কোলে ঢোলে পড়েন।

নিহত শরিফুল ইসলাম খাদিমপুর ইউনিয়নের জুগিরহুদা গ্রামের কোরবান

আলীর ছেলে। স্বাস্থ্যবিধি মেনে আজ রাতে গ্রামের কবরস্থানে তাকে দাফন করা হবে।

গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১০ টার দিকে ইসলামিক ফাউন্ডেশনের কর্মকর্তা ও পুলিশের সহযোগীতায় সরকারী স্বাস্থ্যবিধি মেনে গ্রামের কবরস্থানে শরিফুলের লাশ দাফন করা হয়।

খাদিমপুর ইউনিয়ন পরিষদের মেম্বর আব্দুল হান্নান জানান, চুয়াডাঙ্গা থেকে ইসলামী ফাউন্ডেশনের লোকজন জুগিরহুদা গ্রামের এসে দাফন-কাফনের কাজ করেছেন। পুলিশের উপস্থিতিতে সরকারী স্বাস্থ্যবিধি মেনে জানাজা শেষে কবরস্থ করা হয়েছে।